তারিখ ... 07 JUN 1994
পৃষ্ঠা ৩ কলাম ৪

আজকের কাগজ

04

# শিক্ষা খাতে জাতীয় আয়ের শতকরা ৮ ভাগ ও কর্মসংস্থান সৃষ্টির দাবি

শিক্ষা খাতে জাতীয় আয়ের শতকরা ৮ ভাগ বরাদ্দ এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির দাবি জানিয়েছে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন।

গতকাল বাংলাদেশ ছাত্র ইউনিয়নের উদ্যোগে উপরোক্ত দাবিতে দেশব্যাপী বিক্ষোভ সমাবেশ ও ঘেরাও কর্মসূচি পালিত হয়। কেন্দ্রিয় কর্মসূচির অংশ হিসেবে গতকাল ঢাকায় বাংলাদেশ ছাত্র ইউনিয়ন কেন্দ্রিয় সংসদ সচিবালয়ের সামনে বিক্ষোভ এবং সমাবেশ অনুষ্ঠিত করে। সমাবেশে সভাপতিত্ব করেন সংগঠনের কেন্দ্রিয় সংসদের সভাপতি কাজী সাজ্জাদ জহির চন্দন। বক্তব্য রাখেন কেন্দ্রিয় সংসদের সাধারণ সম্পাদক আসলাম খান, সাংগঠনিক সম্পাদক হাসান হাফিজুর রহমান সোহেল, স্কুল ছাত্র বিষয়ক সম্পাদক তাহমিদুজ্জামান। খবর বিজ্ঞপ্তির।

নেতারা বলেন, আসন্ন ১৯৯৪-৯৫ সালের বাজেটে শিক্ষা খাতে জাতীয় আয়ের শতকরা ৮ ভাগ বরাদ্দ এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি করতে হবে। যদি আসন্ন বাজেটে এই দাবি মানা না হয় তবে আগামী ১৬ জুন দেশব্যাপী বিক্ষোভ এবং ঘেরাও কর্মসূচি এবং ২২ জুন সারাদেশে ডিসি অফিস এবং টিএনও অফিসের সামনে প্রতীক অনশন কর্মসূচি পালিত হবে।